



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd.

স্মারক নং- বিঅ-৬/৪৫৩০/

তারিখ :

বিষয় : স্বীকৃতি নবায়ন।

সূত্র : উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা এর ০৩-০৯-২০১৪ ইং তারিখের ২২৮৫ নং স্মারক পত্র ও প্রধান শিক্ষকের ০৪-০৯-২০১৪ তারিখের আবেদন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ০১-০১-২০১৫ হতে ৩১-১২-২০১৭ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদের জন্য স্বীকৃতি নবায়ন করা হলো। স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি নবায়ন প্রস্তাব দ্রুত দাখিল করতে হবে; অন্যথায় বিদ্যালয়ের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আরোপিত শর্ত সমূহ :

- ১। এস.এস.সি পরীক্ষায় পাশের হার এবং পাশের সংখ্যা কাম্য অংকে উন্নীত না হলে পরবর্তীতে স্বীকৃতি নবায়ন প্রস্তাব বিবেচনা নাও করা হতে পারে।
- ২। নিবন্ধনকৃত শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করতে হবে।
- ৩। শিক্ষার মান উন্নয়নে শিক্ষক/শিক্ষিকাবৃন্দকে আরো সচেতন হতে হবে।
- ৪। সরকারি নীতিমালা অনুযায়ী বিদ্যালয়ের সকল কার্যক্রম পরিচালনা করতে হবে।
- ৫। ৮ম শ্রেণির ছাত্রীদের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার প্রস্তুতি হিসাবে ভাল কোচিং এর ব্যবস্থা করতে হবে এবং বিষয় ভিত্তিক শিক্ষকদের দায়িত্ব গ্রহণে সচেতন হতে হবে।
- ৬। বাংলাদেশ স্কুল ক্রীড়া প্রতিযোগিতার সকল খেলাধুলায় ছাত্রীদের অংশ গ্রহণ করতে হবে।
- ৭। গুরুত্বপূর্ণ দিবস সমূহ যথাযথভাবে পালন করতে হবে।
- ৮। পাঠক্রম অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন করে পাঠদান করতে হবে।
- ৯। বিদ্যালয় চত্বরে আরো কিছু ফলবান, বনজ ও ঔষধি বৃক্ষ রোপণ করতে হবে।
- ১০। বিদ্যালয় পাঠাগারে বই এর সংখ্যা কমপক্ষে ২০০০ খানায় উন্নীত করতে হবে।
- ১১। বিদ্যালয়ে কম্পিউটার ল্যাব/ইন্টারনেট ব্যবহার উপযোগী সচল কম্পিউটার থাকতে হবে। বার্ষিক ম্যাগাজিন/দেয়াল পত্রিকা প্রকাশ করতে হবে।
- ১২। কম্পিউটারি প্রভিডেন্ট ফান্ডে শিক্ষক-কর্মচারীবৃন্দ বিধিমোতাবেক নির্ধারিত হারে চাঁদা কর্তন করবেন এবং বিদ্যালয় কর্তৃপক্ষও সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর স্ব স্ব হিসাবে সমপরিমাণ চাঁদা প্রদান করবেন।
- ১৩। ছাত্রদের স্কাউট এবং ছাত্রীদের জন্য গার্লস গাইড কার্যক্রম চালু করতে হবে।
- ১৪। ভর্তি, নিবন্ধন বা পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমসহ সর্বক্ষেত্রে বোর্ড অথবা সরকার কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।
- ১৫। বাংলা একাডেমী কর্তৃক প্রকাশিত বাংলা-বাংলা, বাংলা-ইংরেজি, ইংরেজি-বাংলা অভিধানসমূহ প্রতিটির ন্যূনতম তিন কপি করে সংগ্রহ করতে হবে।
- ১৬। বিদ্যালয়ের ওয়েব সাইটে সকল মেন্যুতে তথ্য আপলোড করতে হবে।
- ১৭। Library Management সফটওয়্যারে নিজ নিজ প্রতিষ্ঠানের গ্রন্থাগারের বইয়ের তথ্য আপলোড করতে হবে।

১৬৫

(প্রফেসর আব্দুস ছালাম বিশ্বাস)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৪

প্রধান শিক্ষক

হলদিবুনিয়া মাধ্যমিক বিদ্যালয়

ডাক-হলদিবুনিয়া, উপজেলা-মোংলা, জেলা-বাগেরহাট।

স্মারক নং- বিঅ-৬/৪৫৩০/ ৪৪০২(৬)

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ৪। সিষ্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। সংরক্ষণ নথি।

তারিখ : ২২/১২/১৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

২২/১২/১৪